REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১১ই বৈশাখ বুধবার ১৩৩৬ ইংরাজী 24th April 1929. | ১৪শ সংখ্যা।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸৹ টাকা। নগদ মূল্য ৵১৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে
শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## মহাবল হালুয়া



অশ্বগন্ধা, শতমুলী, তালমূলী ভুঁইকুমড়া, আলকুশী, সালেমমিশ্রী প্রভৃতি শ্রেষ্ঠ পুষ্টিকর ও সর্ব্বধাতুপোষক উপাদান দ্বারা প্রস্তুত—স্নায়বিক দৌর্ব্বল্য, ধাতু-দৌর্ব্বল্য, শুক্রঃক্ষয় স্মৃতিশক্তিহীনতা, বীর্য্যতারল্য প্রভৃতি রোগের বল, বীর্য্য, মেধা ও প্রাণবিবর্দ্ধক মহৌষধ শিক্ষক ছাত্র ও মস্তিষ্ক-চালনাকারিদিগের পরম সুহৃদ্। ২০ দিন সেবনোপযোগী আধ পোয়ার মূল্য ১৲ ডাকমাশুল স্বতন্ত্র।

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি, এ।
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষে ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না আরদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৸৹
" " ছোট শিশি ১৷৹

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো বাস্তুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৸৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

### গুণে গন্ধে সৌরভসম্পদে
### কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র
ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীসত্যচরণ সেন।




সর্ব্ববিধ জ্বরে ও ম্যালেরিয়ার অব্যর্থ প্রতিকারক

কে—ব্রি—না

অনেক আশাহীন, চিকিৎসক পরিত্যক্ত রোগী ফেব্রিনা সেবনে নবজীবন লাভ করিয়াছেন। আপনার গৃহে "ম্যালেরিয়া" রোগী থাকলে সর্ব্বাগ্রে তাহাকে এই মহৌষধটী সেবন করান। অন্য ঔষধ খাওয়াইবার আর প্রয়োজন হইবে না। আরোগ্য অব্যর্থ

প্রতি বড় বোতল—এক টাকা চারি আনা।
„ ছোট বোতল—চৌদ্দ আনা
ডাক ব্যয় স্বতন্ত্র।

আর, সি, গুপ্ত এণ্ড সন্স,
প্রসিদ্ধ ঔষধ বিক্রেতা,
৮৪নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেন্ট আছে।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ঔষধালয়ের

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট
। কলিকাতা

মস্তিষ্কের পুষ্টি ও কেশের কান্তি এবং সৌন্দর্য্য বর্দ্ধনে অদ্বিতীয়।

প্রতি পাইণ্ট—৮৵০ আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র। বিক্রীর জন্য সর্ব্বত্র একেন্ট চাই। পত্র লিখিলে বিনামূল্যে নমুনা পাঠান হয়।

বায়ু ও কেশের উপকারী 'খাঁটি' আশু সুবাসিত নারিকেল ও বাদাম তৈল ব্যবহার করিয়া দেখুন।

দে ব্রাদার্স
১২৪নং শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

"আজি আসিয়াছে ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"



রেড ✚ ক্রশ
ক্যাষ্টর অয়েল
NATURE'S OWN HAIR GROWER

সর্ব্বত্র পাওয়া যায়।

সুবর্ণ সুযোগ।
MEMORY TABLET
বা
স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্নদোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১।০ পাঁচ সিকা।

এজেণ্ট্স্ঃ—
এন্, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১১ই বৈশাখ বুধবার ১৩৩৬ সাল।

## মৃত্যু।

সত্য মৃত্যু জীবনে একবারই আসে—বার বার আসে না। বীর যে সাহসী যে মৃত্যুকে সে একবারই বরণ করিয়া লয়। ভীরু অসাহসী জীবনে শ' বার, সহস্র বার, লাখ কোটি বার মৃত্যুকে ডাকিয়া আনে। ভীরু জীবন বহিবার দুর্ভাগ্য যতদিন যতকাল ভোগ করে মরণ ভীতি ততদিন প্রতি দণ্ডে প্রতি পলে তাহাকে জ্বালাইয়া মারে। জীবনের শেষ পরিণাম যে মরণ তাহাতে কোন সন্দেহ নাই। যুগে যুগে দেশে দেশে মানুষ ও অপরাপর প্রাণী জন্মিতেছে আর মরিতেছে। জন্ম ও মৃত্যুর মধ্যে যে ফাঁকটুকু থাকে তাহার মধ্যেই মানুষ নিজ মনুষ্যত্ব দেখাইতে চাহে। যে মানুষ তাহা পারেনা—সে স্বভাবের ব্যতিক্রম করিতে যায়—জীবন তাহার পক্ষে মৃত্যুর সমানই থাকিয়া যায়। প্রতি মুহুর্ত্তে মরণ বিভীষিকা যাহাকে বিভ্রান্ত করিয়া তোলে সে জীবনের রস মাধুর্য্য উপভোগ করিবে কোথা হইতে? তাই বীর যে সাহসী যে, সে জীবন শেষেই মরণকে বীর ভাবে—বন্ধুভাবে আলিঙ্গন দেয়। মরণকে বীরভাবে বন্ধুভাবে আলিঙ্গন দিবার মধ্যে মানব জীবনের সার্থকতা বিশেষভাবে জড়িত রহিয়াছে।

জগতের মানব জাতির উন্নতির ইতিহাস পর্য্যালোচনা করিলে দেখা যায় যাহারা উন্নত হইয়াছে, স্বপ্রতিষ্ঠ হইয়াছে তাহারাই মরণ ভীতিকে এড়াইবার যথাসাধ্য শক্তি অর্জ্জন করিতে পারে নাই তাহারা কোন কালে কোন দিন উন্নত বা স্বপ্রতিষ্ঠ হইতে পারে নাই। মরণকে যে ভয় না করে, মরণকে যে বন্ধুভাবে সাহসের সঙ্গে বরণ করিতে পারে জীবনের সকল ভয়ের কারণই তাহার ক্রমে কাটিয়া যায়। ভয়ের কারণ—ভীতির মলিন কৃষ্ণ যবনিকা জীবনের শুভ্র সত্য আনন্দের রাজ্যের উপর আবরণ টানিয়া রাখে। এই কৃষ্ণ আস্তরণের অন্তরায় মানুষের সকল উচ্চ প্রবৃত্তি আশা বিনাশ করিতে থাকে মানুষকে মানুষ নামের অযোগ্য করিয়া ফেলে!

যে যত হত দরিদ্র, যে সহস্র প্রকারে নির্য্যাতিত ও লাঞ্ছিত, জীবনে ভোগ বা আনন্দের সন্ধান সে তিলমাত্র পায় না। জীবনটা যাহার পক্ষে শুধু একটা তীব্র হাহাকারের মত জীবনের উপর তাহারই দেখা যায় তত বেশী মায়া। মরণকে এমন মানুষেরাই বেশী ভয় করে। মরণকে বন্ধুভাবে ভাবিতে ও গ্রহণ করিতে না পারাতেই, মরণ-ভীতি তাহাদের এমন ত্রস্ত ও অযোগ্য করিয়া রাখিয়াছে। যোগ্য যে সংসারে বাঁচিয়া থাকিবার অধিকার তাহারই আছে। অযোগ্যের সে অধিকার নাই। তাই যোগ্য নিত্য অযোগ্যের সকল অধিকার হরণ করিয়া লইতেছে। যোগ্য মরণকে ভয় করে না। সে জানে মরণ জীবনে একবার বই দু' বার আসিতে পারেনা। তাই প্রতি মুহূর্ত্তে মরণ ভীতিতে সন্ত্রস্ত হইয়া জীবনকে দুর্ব্বহ বোঝা করিয়া রাখিতে তাহারা চাহে না—সেরূপ জবস্থব অসাড় অচল জীবন তাহারা পছন্দ করে না।

## অপূর্ব্ব মিলন।

(বড় গল্প)

শ্রীঅমিয়ময় দাস, বি, এ।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

তবে কারণ যদি আমাকে জানাবার মতন হয় তাহ'লে জিজ্ঞাসা করতে পারি কি—সে কারণ কি?

নিশ্চয় তুমি জিজ্ঞাসা করতে পার, তোমাকে বলব বলেই এত তাড়াতাড়ি এসেছি। আচ্ছা দুলু! এ যায়গা তোমার কেমন বোধ হচ্ছে?

আমার কেমন বোধ হচ্ছে? ভালই বোধ হচ্ছে।

ঠিক বলছো? একথা কি তোমার অন্তর হতে বলছে? ও কি! তোমার চোখ ছল ছল করছে যে? দুলু!

না, না, আমাকে ছোঁবেন না, আমি নীচের অন্নে পালিতা, অস্পৃশ্যা।

দুলু! উচ্চ নীচ কি শুধু অন্ন আর পোষাক পরিচ্ছদের দ্বারা জানা যায়? তা নয় দুলু! উচ্চ নীচ বোঝা যায় হৃদয় দেখে, তোমার হৃদয় যে কত বড় তা তোমার নিঃস্বার্থ ব[illegible]লাপ দেখে বেশ বুঝতে পারা যায়। তুমি এত সহ্য করছ যে যার গায়ে মানুষের চামড়া আছে, সে কখনও এভাবে নিজেকে তিলে তিলে দগ্ধ করতে পারেনা, আশ্চর্য্য তোমার সহ্য গুণ।

আমার গায়ে ত আর এখন মানুষের চামড়া নাই, যদি থাকত তাহলে কতদিন আগে আত্মহত্যা করে এ তীব্র যন্ত্রণা হতে নিষ্কৃতি পেতাম, অনেকদিন আগে মরতাম কিন্তু পারিনি একটা আশার জন্য। আশা ছিল স্বজাতিকে দেখবার জন্য, আজ ঈশ্বরের কৃপায় স্বজাতির সাক্ষাত পেয়েছি, আশাও পূর্ণ হয়েছে, মরতে আর দ্বিধা নাই।

দুলু! অত আক্ষেপ করোনা, এখন যা বলি তা শুন।

শুনে লাভ?

লাভ অনেক আছে দুলু, আমি যা বলি তা শোন, আমায় বিশ্বাস কর, তুমি আমার প্রাণ রক্ষা করেছ, তোমার কাছে আমি কৃতজ্ঞ, তোমার এই নিদারুণ দুর্দ্দশা দেখে কোন কর্ম্মঠ যুবক স্থির থাকতে পারে দুলু? আমার সঙ্গে চলে এস, তোমার কোন প্রকার অসম্মান হবেনা। যে ভাবে থাকতে চাও সেই ভাবেই থাকবে, আমার জীবন পণ—তোমাকে আমি রক্ষা করবো।

আপনি কি আমায় রক্ষা করবেন? না, না, নিজের জীবনকে বিপন্ন করে এই হতভাগিনীকে রক্ষা করে দরকার নাই, আমি বেশ আছি।

দুলু! আমার কাছে তোমার গোপন করবার কোন আবশ্যক নাই। তোমার মুখ বলছে একরকম চোখ বলছে আর একরকম, দেরী ক'রনা তবে, বেলা শেষ হয়ে আসছে, শীঘ্র চল।

দাঁড়ান! কেউ লক্ষ্য করছে কিনা দেখি, আজ সকালে ঝন্টু যেন সন্দেহ করেছে। আপনি কিন্তু ঠিক সময়ে এসেছেন, ওরা এক যুক্তি করছে আমাকে ওর ভাইয়ের সঙ্গে …।

ওঃ! কি দুর্দ্দান্ত নরপিশাচ! দুলু! তবে আর দেরী করোনা চল এই সরু রাস্তা ধরে নেবে যাই।

দেখুন! আপনি যে আজ আমার কি উপকার করলেন কি সাংঘাতিক বিপদ হতে উদ্ধার করলেন তা আমি কথায় বলতে পারছিনা। ঈশ্বর আপনার মঙ্গল করুন। এই হতভাগিনীর প্রণাম গ্রহণ করুন। এই বলে দুলালী যেঁ মূহুর্ত্তে হাত তুলতে যাবে সেই মূহুর্ত্তে ঝন্টুর ভাই তর্জ্জন গর্জ্জন করিতে করিতে উপস্থিত। দুলালী স্থিরচিত্তে বল্লে মন্টু! তোরা আমাকে কত যত্ন করিস তোদের নিমক কি আমি ভুলতে পারি। তোরা ত জানিস—তোরা যা বলিস আমি তাই করি।

হাঁরে দুলিয়া! তা ত হামি জানি, ইটা কোন্ আদমি রে? ইটা কি বাঙ্গালী?

না, না, ও বাঙ্গালী নয়, শোন এদিকে আয় কে বলি। বলে দুলালী তার মুখ মন্টুর কাণের কাছে নিতে গিয়ে অলক্ষিতে তার কোমর হতে খড়্গা বার ক'রে কঠোর স্বরে বলতে লাগল—মন্টু তোর অনেক অত্যাচার সহ্য করেছি, আর না, বুঝেছি, তুই আমার সঙ্গ নিয়ে এঁকে হত্যা করতে এসেছিলে, যা চলে যা যদি না যাবি তাহলে এই খড়্গা নিয়ে তোকে আঘাত করবো। সাবধান।

মন্টু যে মূহুর্ত্তে আর একটী খড়্গা বার করে আমার দিকে নিক্ষেপ করতে অগ্রসর হচ্ছিল, সেই মূহুর্ত্তে দুলালী এমন সজোরে আঘাত করলে যে তাহাতে তার হাত হতে খড়্গা পড়ে গেল, দুলালী তাড়াতাড়ি তুলে আমার হাতে দিয়ে যেতে ইঙ্গিত করলে।

দুলালী ও আমি সেই সরু রাস্তা ধরে নীচে নামছি এমন সময়ে এক সুতীক্ষ্ণ শর দুলালীর বাম স্কন্ধ বিদ্ধ করিল, পর মূহুর্ত্তেই আর একটা শর আমার স্কন্ধদেশে এসে লাগল, দুইজনেই অজ্ঞান হয়ে পড়ে গেলাম। তারপর যে কি হয়েছে তা জানিনা, তবে "দুলু" ব'লে যখন চোখ চাহিলাম তখন দেখি—আমি এক শয্যায় পড়ে আছি, তুহীন আমার কাছে বাতাস করছে। বাবা, বড় দাদা গায়ে হাত দিয়ে আছেন, বিভা আর বিভার পিতা পাশে বসে আছেন, আর আমি দীর্ঘ নিশ্বাস ছেড়ে চীৎকার করে বলে উঠলাম—"Man proposes but God disposes."

ক্রমশঃ

## নূতন বছর।

নূতন সাজে—নূতন বছর এল সেজে গুজে,
বাঙ্গালা ছাড়া এমন সাজে পাইনা কোথাও খুজে।
গাছে গাছে নূতন পাতা রঙটি নিখুঁৎ লাল,
ইচ্ছা হয়না কর্ত্তে একবার চক্ষুর অন্তরাল।
আম গাছেতে ধরছে বকুল গন্ধে আকুল প্রাণ,
ডালে বসি পাখীরা সব জুড়ে দিচ্ছে গান।
গুঞ্জরিয়া অলিকুল ছুটছে মুকুল পানে,
কখন তারা তৃপ্ত হবে ফুলের মধুপানে?
লতায় পাতায় বনফুল ফুটছে কত বনে,
কবির মনে কতই ভাব খেলছে দরশনে।
সবই নূতন যত কিছু চন্দ্র সূর্য্য তারা,
নব বর্ষে সবাই যেন প্রেমে পাগল পারা।
নদ নদী সিন্ধু পাহাড় ভাবে বিভোর সবে,
এমনতর সুখের দিন কবে ভাগ্যে হবে?
প্রকৃতির শোভা হেরি অবাক হয়ে রই,
যে দেখালো হেন দৃশ্য সে কারিকর কই?
একটী বার দেখতে পেলে শুধাতাম তারে,
কেমন করে এরূপ চিত্র দেখালে আমারে?

শ্রীচন্দ্রনাথ দাস।

**স্বামী বর্ত্তমানে আবার বিবাহ।**—কুলখাস বিবি নাম্নী একজন স্ত্রীলোক স্বামী বর্ত্তমান থাকিতে আবার অন্য আর একজনকে স্বামী-পদে বরণ করিয়াছে বলিয়া শিয়ালদহের ২য় পুলিশ ম্যাজিষ্ট্রেটের এজলাসে অভিযুক্ত হইয়াছিল। বিচারে তাহার প্রতি দুই মাস সশ্রম কারাদণ্ডের ব্যবস্থা হইয়াছে।

## কথিকা।

(শ্রীসুরেশচন্দ্র চক্রবর্ত্তী।)

সন্ধ্যেবেলা
একলা বালা
গাঁথছে মালা
গোপনে
আঁখির পরে
সুখের ভরে
গুম্‌রে মরে
স্বপনে।
কোমল হাতে
ফুলের সাথে
কেমন মাতে
অঙ্গুলি
কাহার তরে
থরে থরে
গাঁথছে প্রেম
অঞ্জলি।
রাজার পথে
একলা চলে
ঘোড়ায় ফেলে
ঘোড়সোয়ার,
তরুণ যুবা
মোহন কিবা
কোন্ বা দেশের
রাজকুমার।
অশ্ব খুরে
ধূলি উড়ে
মুক্ত ছিল
বাতায়ন—
নিমেষ মাঝে
সেদিন হ'ল
চারটি চোখের
আলাপন।
আর না বালা
গাঁথে মালা
সন্ধ্যে বেলা
একেলা,
চোখের 'পরে
বিষাদ ঘোরে
প্রাণের তারে
কি খেলা।
কপোল 'পরে
গুম্‌রে মরে
রক্ত-বরণ
সরম-ভার।
ওগো— সন্ধ্যে বেলা
একলা এলি
গেল সে কোন্
রাজকুমার!
আঁখির জ্যোতি
মলিন অতি
মুখের হাসি
শুখায় গো,
কল্পলোকের
কেমন গীতি
প্রাণের বাতি
নিভায় গো!
ফুলের সাথে
আর না মাতে
সন্ধ্যা প্রাতে
জীবন ভার।
ওগো— সেদিন সাঁঝে
একলা চলি
গেল সে কোন্
ঘোড়সোয়ার!
জীবন রাখা
কঠিন হ'ল
প্রাণের শত
স্পন্দনে,
সকল হাসি
পড়ল খসি
একটা বিরাট
ক্রন্দনে!
ফুলের বাসে
আর না ভাসে
জীবন মনের
গন্ধ-ভার।
ওগো— কেমন যুবা
একলা চলি
গেল সে কোন্
রাজকুমার!
গভীর রাতে
একলা বালা
চমকে ওঠে
পালঙ্কে,
স্বপন মাঝে
ফুলের সাজে
লুটায় যেন
কার অঙ্কে!
চমকে চাহে
সরম লাগে
আঁখির জলে
ব্যথার ভার।
ওরে সেদিন সাঁঝে
রাজার পথে
ছুটল কে সে
রাজকুমার!
কোথায় বালা?
নাই সে আর।
কোথায় মালা?
গন্ধ তার?
এক পলকে
সকল নাশি'
কোন্ বা দেশের
রাজকুমার।
ফেল্‌ল ছুঁড়ে
হৃদয় মাঝে
নারীর সাজ ও
প্রণয়-হার।


## ব্যানার্জ্জী আর্ট গ্যালারী।

প্রিয়জনের স্মৃতি চিরজাগরূক রাখিতে হইলে কালক্ষেপ না করিয়া অদ্যই একখানা ফটো তুলিয়া লউন, বিলম্বে আপশোষ করিতে হইবে। আমরা অতিশয় যত্নসহকারে ব্রোমাইড এনলার্জমেণ্ট ৫০ ইঞ্চি পর্য্যন্ত করিয়া থাকি। অর্ডার পাইলে মফঃস্বলে গিয়া ফটো তুলিয়া আসি। মূল্য বাজার অপেক্ষা অনেক কম। স্কুলের ছেলে, শিক্ষক ও সাধারণ সভা সমিতির ফটো সুবিধায় তুলিয়া থাকি। ইহা ছাড়া সকল রকম ছবি বাঁধাই ও সকল রকম অক্ষরে সাইনবোর্ড লেখা হয়। নিম্নঠিকানায় আসিলে বা পত্র লিখিলে সমস্ত দর জানিতে পারিবেন।

বিনীত—অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায়।
ফটোগ্রাফার (গোল্ড-মেডেলিষ্ট)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## ট্রেণের সময়।

### পশ্চিমাভিমুখে।

| | ৫৫ নং হাওড়া সাহেবগঞ্জ প্যাঃ। | | ৫৩ নং হাওড়া ভাগলপুর প্যাঃ। | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| হাওড়া | ৬ | ৩০ | ১৯ | ১২ |
| ব্যাণ্ডেল | ৮ | ২৫ | ২০ | ৩১ |
| কাটোয়া | ১১ | ৫০ | ২৩ | ৫৬ |
| থাগড়াঘাট | ১৩ | ৩৩ | ১ | ২৭ |
| আজিমগঞ্জ | ১৪ | ১০ | ২ | ১ |
| মনিগ্রাম | ১৪ | ৪৬ | ২ | ৩৬ |
| গনকর | ১৪ | ৫৯ | ২ | ৪৯ |
| জঙ্গিপুর রোড | ১৫ | ১৩ | ৩ | ০ |
| নিমতিতা | ১৫ | ৪৩ | ৩ | ২৮ |
| ধুলিয়ান | ১৬ | ৯ | ৩ | ৫১ |
| বারহারোয়া | ১৬ | ৫৬ | ৪ | ৩২ |

### কলিকাতাভিমুখে।

| | ৫৬ নং সাহেবগঞ্জ হাওড়া প্যাঃ। | | ৫৪ নং ভাগলপুর হাওড়া প্যাঃ। | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| সাহেবগঞ্জ | ৩ | ২০ | ১৭ | ৩৯ |
| বারহারোয়া | ৫ | ১৫ | ১৯ | ২০ |
| ধুলিয়ান | ৬ | ৬ | ২০ | ১১ |
| নিমতিতা | ৬ | ১৯ | ২০ | ২৪ |
| জঙ্গিপুর রোড | ৬ | ৫১ | ২০ | ৫৫ |
| গনকর | ৭ | ৩ | ২১ | ৫ |
| মনিগ্রাম | ৭ | ১৮ | ২১ | ১৮ |
| আজিমগঞ্জ | ৮ | ৭ | ২২ | ৫ |
| থাগড়াঘাট | ৮ | ৩২ | ২২ | ৩৭ |
| কাটোয়া | ১০ | ২৫ | | ৫১ |
| ব্যাণ্ডেল | ১৩ | ৫৯ | ৪ | ৫০ |
| হাওড়া | ১৫ | ৪৫ | ৬ | ২৮ |

### রেল ওমনিবাস সার্ভিস।

থাগড়াঘাট অভিমুখে।

| | প্রথম বার | | দ্বিতীয় বার | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| বারহারোয়া | ০ | ১৫ | ১২ | ২০ |
| ধুলিয়ান | ১ | ৫ | ১৩ | ১৩ |
| নিমতিতা | ১ | ২৪ | ১৩ | ৩২ |
| জঙ্গিপুর রোড | ২ | ৪ | ১৪ | ১০ |
| গনকর | ২ | ১৭ | ১৪ | ২৪ |
| মনিগ্রাম | ২ | ৪০ | ১৪ | ৫০ |
| আজিমগঞ্জসিটি | ৩ | ২৪ | ১৫ | ৩৩ |
| আজিমগঞ্জ জং | ৩ | ৪৯ | ১৫ | ৩৯ |
| থাগড়াঘাট | ৪ | ১৩ | ১৬ | ২ |

বারহারোয়া অভিমুখে।

| | প্রথম বার | | দ্বিতীয় বার | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| থাগড়াঘাট | ৭ | ২০ | ১৭ | ১৬ |
| আজিমগঞ্জ জং | ৭ | ৫৬ | ১৭ | ৪০ |
| আজিমগঞ্জসিটি | ৮ | ২ | ১৭ | ৪৬ |
| মনিগ্রাম | ৮ | ৪৩ | ১৮ | ২৯ |
| গনকর | ৮ | ৫৮ | ১৮ | ৫৫ |
| জঙ্গিপুর রোড | ৯ | ১০ | ১৮ | ৫৯ |
| নিমতিতা | ৯ | ৪৭ | ১৯ | ৩৭ |
| ধুলিয়ান | ১০ | ৫ | ২০ | ৬ |
| বারহারোয়া | ১০ | ৫০ | ২০ | ৫৩ |

## বাঙ্গলা ভাষায় এই ধরণের পাক্ষিক পত্রিকা এই সর্ব্বপ্রথম

# "স্বায়ত্ত শাসন"

জেলাবোর্ড মিউনিসিপ্যালিটি লোকাল ও ইউনিয়ন বোর্ড সংক্রান্ত যাবতীয় সংবাদ, সর্ব্বসাধারণের অভাব অভিযোগ, ইউনিয়ন বেঞ্চ কোর্টের মোকদ্দমার বিবরণ, সরকারী ইস্তাহার ও হুকুমনামা প্রভৃতিতে সুসজ্জিত হইয়া—

বার্ষিক মূল্য সডাক
তিন টাকা

**আগামী বৈশাখে**
(সন ১৩৩৬ সাল)
বাহির হইতেছে।

গ্রাহক হইবার জন্য
আজই পত্র লিখুন।

অভিজ্ঞ ও সুযোগ্য ব্যক্তিগণ দ্বারা পরিচালিত। প্রত্যেক এলাকা হইতে সংবাদদাতা ও এজেন্টের আবশ্যক। জ্ঞাতব্য বিষয় জানিবার জন্য আজই পত্র লিখুন।


বিশেষ দ্রষ্টব্য—বাঙ্গলা দেশের লাইব্রেরীগুলিকে অর্দ্ধমূল্যে গ্রাহক শ্রেণীভুক্ত করা হইবে।

EXPERT ADVERTISING AGENCY
46/1, Durga Charan Mitra Street,
Sole Agents for Advertisement.

প্রকাশক—
**চন্দ্র এণ্ড কোং**
২৩।এ, ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।

সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

# গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

**ন্যাশন্যাল হারমোনিয়ম কোং**
৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।
তারের ঠিকানা—"মিউনিসিয়ান্‌স" ফোন—কলিকাতা ৩৯৫৮

## 'সত্যের জয়'

# "মোহিনী"

## বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্যান্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিয়া লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—
**মুলজি সিক্কা এণ্ড কোং**
হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি পি,)

# —সুরবল্লী কষায়—

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

### দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

### চর্ম্মরোগ

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১৷৹ টাকা
তিন শিশি ৩৷৹ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

বিনা মূল্যে ! বিনা মূল্যে !! বিনা মূল্যে !!!



## শ্বেতকুষ্ঠ (ধবল)

আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।০ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

## সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ৷৷৵০ আনা ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ আনা।



## বৃদ্ধ কেন ?



রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵০ টাকা। ছোট শিশি ৷৷৵০ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।

১৫২, হ্যারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।



MOTOR CARS



MOTOR BUS

## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)



## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্‌স

৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।



শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

।০ পোয়া ২৲ টাকা।

অজীর্ণে—ভাস্কর লবণ ।৵০ পোয়া ৷০ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ৷০ আনা, রামবাণ ১০০ বটী ৷০ আনা।

ধাতুদৌর্ব্বল্যে—মদনানন্দমোদক ।০ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৷০ আনা।

কাসে—চন্দ্রামৃতরস ৫০ বটী ১৷০ টাকা, চ্যবনপ্রাশ /১ সের ৩৲ টাকা।

ঠিকানা :—

কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ

গঙ্গাধর নিকেতন, মালদহ।



## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।




বসাকের "তেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনুর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

টেলিগ্রাফের ঠিকানা—"সিন্‌কোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।



## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম /৫, /১০

পোষ্টবক্স—৬৪৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩৷০, ৫।০, ৬৷৵০, ৮৸৵০, ১০৸৵০। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ্ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

এম, ভট্টাচার্য্য এণ্ড কোং

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

